



তথ্যবিবরণী

নম্বর- ১৪৬

বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ৯ পৌষ (২৪ ডিসেম্বর):

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা আজ মঙ্গলবার (২৪ ডিসেম্বর) বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এ সভায় সভাপতিত্ব করেন।

সভায় অনলাইনে ঢাকা থেকে সংযুক্ত হয়ে আইএমইডির পরিচালক সকল প্রকল্প নির্ধারিত সময়ে শেষ করতে প্রকল্প পরিচালকদের নির্দেশ দানের অনুরোধ জানান।

স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়, এইচপিভি ক্যাম্পেইনে রাজশাহী দেশের মধ্যে প্রথম স্থানে রয়েছে। ক্যাম্পেইনে এ বিভাগের অর্জন ৯৬ শতাংশ। কোটা আন্দোলনে রাজশাহী বিভাগের বিভিন্ন হাসপাতালে মোট ১ হাজার ৭৪ জন ভর্তি হয়েছিল বলে তিনি সভাকে জানান।

রাজশাহী ওয়াসার পক্ষ থেকে এখনও পানির মূল্য বৃদ্ধি করা হয়নি বলে জানিয়েছে ওয়াসা কর্তৃপক্ষ। রাজশাহী ওয়াসার পানির মূল্য দেশের চারটি ওয়াসার মধ্যে সর্বনিম্ন বলে উল্লেখ করেন ওয়াসার প্রতিনিধি।

বিভাগীয় নির্বাচন কার্যালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে আগামী ২ জানুয়ারি নির্বাচন অফিস এবং ইউনিয়ন পরিষদগুলোতে ভোটার তালিকা প্রকাশ করা হবে। এরপর পর্যায়ক্রমে বিভিন্ন ইউনিয়নে এবং বাড়ি বাড়ি গিয়ে ভোটারের তথ্য সংগ্রহ করা হবে।

খাদ্য বিভাগের পক্ষ থেকে বলা হয়েছে, রাজশাহী বিভাগে চাল ও গম মজুদ আছে ১ লক্ষ ৮১ হাজার টন। বোরো মৌসুমে চাল সংগ্রহ লক্ষ্যমাত্রা এ বিভাগে ১ লক্ষ ১১ হাজার টন। এর মধ্যে ৯১ হাজার টন চাল সংগ্রহের চুক্তি সম্পন্ন হয়েছে এবং ইতোমধ্যে ৩১ হাজার টন চাল সংগ্রহ সম্পন্ন হয়েছে।

কৃষি বিভাগের পক্ষ হতে বলা হয়েছে, রাজশাহী অঞ্চলে এবছর রোপা আমন এর আবাদ ও ফলন লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে। আলু, পেয়াজ, রসুন, সরিষা চাষে সার সরবরাহ নিশ্চিত করতে কৃষি বিভাগের পক্ষ থেকে অনুরোধ করা হয়েছে।

সভাপতির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, ১ জানুয়ারি শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হবে। তাই স্কুলগুলোতে বই পৌঁছানো নিশ্চিত করতে হবে। বিদ্যুতের প্রিপেইড মিটারে অতিরিক্ত চার্জ কাটা নিয়ে অসন্তোষ কমাতে এ বিষয়ে গ্রাহকদের সাথে মতবিনিময়ের জন্য তিনি নেসকো কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যসম্পদ সংগ্রহ এবং কৃষকদের চাষের জন্য সার ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। এসময় তিনি বিভিন্ন বিভাগের কার্যক্রম আন্তরিকতার সাথে বাস্তবায়নের অনুরোধ জানান।

.....
তৌহিদ/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৬:০০ ঘ.